

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা

www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৪৫.১৯-১৭৪

তারিখ: ১৬ আশ্বিন, ১৪২৬ ব:
০১ অক্টোবর, ২০১৯ খ্রি:

বিষয়: বগুড়া জেলার দুপচাচিয়া উপজেলার অর্জুনগাড়া তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার সুপার ও সহকারী শিক্ষক (কম্পিউটার) এর বিরুদ্ধে অত্র বিভাগ কর্তৃক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা।

সূত্র: (১) ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০৩৫.১৬-১৯৪, তারিখ: ১৪/০৭/২০১৯ খ্রি।
(২) TMED -এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০০৭.১৯-১৩৩, তারিখ: ০৫/০৮/২০১৯ খ্রি।
(৩) TMED -এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০০৭.১৯-১৫৭, তারিখ: ০৯/০৯/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ অফিস আদেশমূলে বগুড়া জেলার দুপচাচিয়া উপজেলার অর্জুনগাড়া তাজ সিদ্দিকীয়া দাখিল মাদ্রাসার ব্রডশীট জবাবের নির্দিষ্ট কলামে উদ্বৃত্ত মন্তব্যের আলোকে আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে উপর্যুক্ত ২ ও ৩ নং- স্মারকমূলে উক্ত প্রতিষ্ঠানের সুপার জনাব মো: আব্দুল কাদের সহকারী শিক্ষক জনাব রেবেকা নাজমুন নাহারকে বিধি মোতাবেক প্রয়োজনীয় কারণ দর্শানোপূর্বক চূড়ান্তভাবে চাকুরি থেকে বরখাস্ত করে স্থায়ীভাবে এমপিও বন্ধা করা এবং তাদের দুজন কর্তৃক উত্তোলিত বেতন-ভাতা বাবদ গৃহীত সমুদয় অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমাদান করে প্রতিবেদন প্রেরণ এবং একইসাথে উক্ত প্রতিষ্ঠানের শরীরচর্চা শিক্ষক উম্মে কুলসুম ইতোমধ্যে চাকুরি থেকে ইস্তফা প্রদানপূর্বক টাকা ফেরৎ দেওয়ায় তার বিরুদ্ধে আনীত অডিট আপত্তি নিষ্পন্ন করে গত ২০/০৮/২০১৯ ও ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য মহোদয়কে অনুরোধ করা হয়েছিল।

২। চাহিত বিষয়ে তথ্য না পাওয়ায় গত ০৫/০৮/২০১৯ ও ০৯/০৯/২০১৯ তারিখের সূত্রে বর্ণিত ২ ও ৩ নং স্মারকের মাধ্যমে মহোদয়কে অনুরোধ করা হয়েছিল কিন্তু নির্ধারিত সময়ের ০১ মাস ০৬ দিন পরও চাহিত তথ্য আজোবধি TMED-তে পাওয়া যায়নি।

৩। এমতাবস্থায়, আগামী ১০/১০/২০১৯ তারিখের মধ্যে চাহিত তথ্য TMED-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে ৩য় বারের মতো মহোদয়কে অনুরোধ করা হলো।

স্বাক্ষর:

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-৩, ৩৭/৩/এ, ইসকাটন গার্ডেন রোড,
রমনা, ঢাকা।


অনুলিপি:

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৪৫.১৯-১৭৪

তারিখ: ১৬ আশ্বিন, ১৪২৬ ব:
০১ অক্টোবর, ২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
- ৩। যুগ্মসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।


(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)

